

বাংলাদেশের ইতিহাস ও বিশ্বসভ্যতা

বিষয় কোড : ১ ৫ ৩

পূর্ণমান— ৭০

সময় — ২ ঘণ্টা ৩০ মিনিট

সৃজনশীল প্রশ্ন

[দ্রষ্টব্য :- দক্ষিণ পার্শ্ব সংখ্যা প্রশ্নের পূর্ণমান জ্ঞাপক। প্রদত্ত উদ্দীপকগুলো মনোযোগ দিয়ে পড়ো এবং সংশ্লিষ্ট প্রশ্নগুলোর যথাযথ উত্তর দাও। যে কোনো সাতটি প্রশ্নের উত্তর দাও। প্রত্যেক প্রশ্নের মান ১০।]

১. ▶ সীমা ও রীমা নামের দুই বান্ধবী ইতিহাস সম্পর্কে আলোচনা করছিল। সীমা বলল, মানব সমাজের শুরু থেকে যাবতীয় রাজনৈতিক ও অর্থনৈতিক অগ্রগতি ইতিহাস থেকে জানা যায়, রীমা বলল দেশ ও জাতির অগ্রগতির জন্য ইতিহাস পাঠের প্রয়োজনীয়তা অপরিসীম।

- ক. ইতিহাস শব্দটির উৎপত্তি কোন শব্দ থেকে? ১  
খ. ইতিহাসের উপাদান বলতে কী বোঝায়? ২  
গ. সীমার বক্তব্যে ফুটে উঠা ইতিহাসের প্রকারভেদটি ব্যাখ্যা করো। ৩  
ঘ. 'দেশ ও জাতির অগ্রগতির জন্য ইতিহাস পাঠের প্রয়োজনীয়তা অপরিসীম'— রীমার এ বক্তব্যের যথার্থতা নিরূপণ করো। ৪

২. ▶ কুমিল্লার অধিবাসী শিমুল ও সবুজ। তাদের বার্ষিক পরীক্ষা শেষে বাবার সাথে কুমিল্লার ময়নামতির কয়েকটি প্রাচীন নির্দশন দেখে শালবন বিহারে যায়। বাবা তাদের বললেন, এখানে একটি প্রাচীন জনপদ গড়ে উঠেছিল।

- ক. হরিকেলের উত্তরে কোন জনপদ অবস্থিত ছিল? ১  
খ. “বরিশাল জেলাই ছিল চন্দ্রদ্বীপের মূল ভূখণ্ড” ব্যাখ্যা করো। ২  
গ. শিমুল সবুজের দেখা নির্দশনটি প্রাচীন কোন জনপদে অবস্থিত। ব্যাখ্যা করো। ৩  
ঘ. উদ্দীপকে উল্লেখিত জনপদের আলোকে প্রাচীন বাংলার জনপদগুলোর চিত্র তুলে ধর। ৪

৩. ▶ সানজিদার অবসর সময় কাটে বিদেশী বন্ধু জিদানের সাথে ফেসবুকে যোগাযোগ করে। পৃথিবীতে প্রথম সৌর পুঞ্জিকার আবিষ্কার, মৃতদেহ পচন থেকে রক্ষার পদ্ধতি আবিষ্কার, মিশরীয় সভ্যতার অনেক অজানা তথ্য মিসরবাসী জিদান সানজিদাকে জানায়।

- ক. সিন্ধু সভ্যতা কোথায় গড়ে উঠেছিল? ১  
খ. সিন্ধু সভ্যতাকে কেন নগর সভ্যতা বলা হয়? ব্যাখ্যা করো। ২  
গ. উদ্দীপকে উল্লেখিত সভ্যতার পটভূমির বর্ণনা দাও। ৩  
ঘ. পাঠ্যপুস্তকের আলোকে সানজিদার বন্ধু দেশের প্রাচীন মানুষের বিজ্ঞানের অবদান ব্যাখ্যা করো। ৪


৪. ▶ ১০ম শ্রেণির ছাত্রী তানিয়া লাইব্রেরী থেকে মধ্যযুগের বাংলার ইতিহাস সম্পর্কিত একটি বই নিয়ে আসে। বই পড়ে সে জানতে পারে বার ভূঁইয়া নামে একদল শাসনকর্তা মুঘলদের বিরুদ্ধে সংগ্রাম করে। পরে মুঘলদের বশ্যতা স্বীকার করে নেন।

- ক. বার শব্দটি কেন ব্যবহার করা হতো? ১  
খ. বার ভূঁইয়াদের দমন করার জন্য কখন এবং কাকে আকবর বাংলার দায়িত্বভার দেন? ২



- গ. বার ভূঁইয়া নামে একদল শাসনকর্তা মুঘলদের সাথে যুদ্ধ করে— তাদের নাম এবং এলাকার নামগুলো তালিকা তৈরী করো। ৩
- ঘ. বার ভূঁইয়াদের নেতা ছিলেন ঈসা খাঁন, তাঁর শাসনকাল উল্লেখপূর্বক মানসিংহের বিবরণ দাও। ৪
৫. ► ফকির সন্ন্যাসী আন্দোলন-তিতুমীরের সংগ্রাম-নীল বিদ্রোহ-ফরায়েজী আন্দোলন।
- ক. ভারতের প্রথম আধুনিক পুরুষ কাকে বলা হয়? ১
- খ. নীল চাষের জন্য কৃষকদের ওপর অত্যাচার করা হতো কেন? ২
- গ. 'বাংলার ফকির সন্ন্যাসী আন্দোলন ছিল একটি ব্রিটিশ বিরোধী আন্দোলন'— ব্যাখ্যা করো। ৩
- ঘ. উদ্দীপকের ফরায়েজী আন্দোলন কীভাবে কৃষক আন্দোলনে পরিণত হলো? বিশ্লেষণ করো। ৪
৬. ► বিথীর দাদা ব্রিটিশদের রাজকর্মচারী ছিলেন। সে তার দাদার কাছে বাংলা ১১৭৬ সালের দুর্ভিক্ষের গল্প শুনছিল। দাদা আরও বলল যে, দ্বৈতশাসনের প্রভাবেই বাংলার এক চরম দুর্ভিক্ষ আঘাত হানে এবং বাংলার অর্থনৈতিক মেরুদণ্ড ভেঙে পড়ে।
- ক. চিরস্থায়ী বন্দোবস্ত কে প্রবর্তন করেন? ১
- খ. পলাশীর যুদ্ধে গুরুত্ব বর্ণনা করো। ২
- গ. বিথীর দাদার বক্তব্যের আলোকে ছিয়াত্তরের মন্বন্তরের ভাষাচিত্র অংকন করো। ৩
- ঘ. 'বাংলার অর্থনীতি ভেঙে পড়ার ক্ষেত্রে দ্বৈত শাসনই দায়ী'— এ বক্তব্যের সাথে তুমি কি একমত? উত্তরের সপক্ষে যুক্তি দেখাও। ৪
৭. ► চৈতি বই পড়ে জানতে পারেন ভারতবর্ষের স্বাধীনতাকামী জনগণ বিদেশি শাসকের প্রতি ঘৃণা প্রকাশ করতে গিয়ে বিদেশী পণ্য ক্রয় থেকে বিরত থেকে ছিল। শুধু তাই নয়, বিদেশি শিক্ষা বর্জন করেছিল এদেশের জনগণ।
- ক. কত সালে বঙ্গভঙ্গ রদ করা হয়? ১
- খ. রবীন্দ্রনাথ ঠাকুর কেন নাইট উপাধি বর্জন করেছিলেন? ব্যাখ্যা করো। ২
- গ. চৈতীর পড়া বইটিতে যে আন্দোলনের প্রতিফলন ঘটেছে তার ব্যাখ্যা করো। ৩
- ঘ. ব্রিটিশ ভারতের এ ধরনের পণ্য বর্জন ও শিক্ষা বর্জনের ফলাফল ছিল সুদূরপ্রসারী-মতামত দাও। ৪

৮. ►



- ক. ঢাকায় কখন খিলাফত সভা অনুষ্ঠিত হয়েছিল? ১
- খ. খিলাফত ও অসহযোগ আন্দোলনের কারণ ব্যাখ্যা করো। ২
- গ. হকের (?) চিহ্নিত স্থানে যে দুই আন্দোলনের ইজিত পাওয়া যায়, তাদের পারস্পরিক সম্পর্ক নির্ণয় করো। ৩
- ঘ. সর্ব ভারতীয় গণ আন্দোলন হিসেবে এ দুটি আন্দোলনের প্রভাব পর্যালোচনা করো। ৪

৯. ► নিতাইগঞ্জ অঞ্চলটি প্রত্যন্ত গ্রামাঞ্চল। সেখানে নানা ধরনের সামাজিক কুসংস্কার বিরাজমান। এ গ্রামের মেয়েদের বাড়ির বাইরে যাওয়া নিষিদ্ধ ছিল। গ্রামের বয়োজ্যেষ্ঠ জামিলা বেগম মেয়েদের পড়ালেখা করতে বাধা দেন। মেয়েদের বাড়ির বাইরে বের হওয়াকে তিনি ধর্মীয় অনুশাসনের পরিপন্থী এবং গর্হিত কাজ মনে করতেন।

- ক. 'The sprit of Islam' বইটির লেখক কে? ১
- খ. 'সেন্টাল ন্যাশনাল মোহামেডান এসোসিয়েশন' গঠনের উদ্দেশ্যে কী ছিল? ২
- গ. উদ্দীপকে জামিলা বেগমের চরিত্রের বিপরীত চিত্র পাঠ্য পুস্তকে গঠিত কোন মহীয়সীর জীবনে প্রতিফলিত হয়েছে ব্যাখ্যা করো। ৩
- ঘ. তুমি কি মনে কর, বর্তমান নারী শিক্ষা অগ্রগতিতে উক্ত মহীয়সীর অবদান অনস্বীকার্য? যুক্তি দাও। ৪

১০. ► সৌমেন চৌধুরীদের হিন্দু সমাজ বিভিন্ন শ্রেণী বিদ্যমান ব্রাহ্মণ, ক্ষত্রিয়, বৈশ্য, শূদ্র ইত্যাদি শ্রেণি রয়েছে। সৌমেন বইয়ে পড়েছে প্রাচীন বাংলায় একটি সমাজে এমন শ্রেণি ব্যবস্থা ছিল। তিনি আরও বলেন যে, এখনকার মতো তখনও সমাজে এসব শ্রেণির মধ্যে অনেক বিধি নিষেধ ছিল।

- ক. প্রাচীন বাংলার মানুষের ভাষার নাম কী ছিল? ১
- খ. বাঙালিকে সংকর জাতি বলা হয় কেন? ২
- গ. সৌমেন চৌধুরীর সমাজের সাথে প্রাচীন সমাজের শ্রেণি প্রথার সামঞ্জস্য দেখাও। ৩
- ঘ. উদ্দীপকে সৌমেন চৌধুরীর সর্বশেষ উক্তিটির যথার্থতা নিরূপণ করো। ৪

১১. ► 'মোদের গোবর, মোদের আশা আ মরি বাংলা ভাষা'— এ কবিতার মাধ্যমে আমরা ভাষা আন্দোলনকে স্মরণ করি। জিহানও তার চাচার সাথে শহিদ মিনারে ফুল দিয়ে মুক্তিযোদ্ধা দাদার কথা স্মরণ করে। যিনি ভাষা আন্দোলনেও জড়িত ছিলেন।

- ক. নিখিল পাকিস্তান শিক্ষা সম্মেলন হয় কোথায়? ১
- খ. ১৯৫২ সালের ২১ শে ফেব্রুয়ারি বিভিন্ন ঘটনার বিবরণ দাও। ২
- গ. শহিদ মিনার আমাদের ভাষা শহিদদের কথা স্মরণ করিয়ে দেয়— বুঝিয়ে লিখ। ৩
- ঘ. ভাষা আন্দোলনের তাৎপর্য ব্যাখ্যা করো। ৪



(বিশেষ দ্রষ্টব্য : সরবরাহকৃত বহুনির্বাচনি জড়ীক্ষার উত্তরপত্রে প্রশ্নের ক্রমিক নম্বরের বিপরীতে প্রদত্ত বর্ণসম্মিলিত বৃত্তসমূহ হতে সঠিক/সর্বোৎকৃষ্ট উত্তরের বৃত্তটি কালো বল পয়েন্ট কলম দ্বারা সম্পূর্ণ ভরাট করে। প্রতিটি প্রশ্নের মান ১।)

১. ইবনে বতুতা কোন দেশীয় পরিব্রাজক?

- ক) মিশরীয়                      খ) তিব্বতীয়  
গ) আফ্রিকান                    ঘ) চৈনিক

২. অতীতের সত্যনিষ্ঠ বর্ণনা किसের পরিধি বৃদ্ধি করতে সাহায্য করে?

- ক) জ্ঞানের                      খ) দক্ষতার  
গ) যোগ্যতার                    ঘ) অভিজ্ঞতার

৩. মিশরীয়রা কাকে নীলনদের দেবতা মনে করত?

- ক) আমনরে                      খ) আরিসি  
গ) ওসিরিস                      ঘ) মেনেস

৪. স্পার্টার শাসনতন্ত্র প্রণয়ন করেন কে?

- ক) লাইকারগস                    খ) লাইগারকস  
গ) আলেকজান্দ্রিয়া            ঘ) পেরিক্লিস

৫. গ্রিকদের কয়টি দেব-দেবী ছিল?

- ক) ১০টি                          খ) ১২টি  
গ) ২০টি                          ঘ) ২২টি

৬. বিশ্বকোষ প্রণয়ন করেন কে?

- ক) প্লিনি                          খ) হার্ডসন  
গ) কনস্টানটাইন                ঘ) রেমিউলাস

৭. গুপ্তযুগ শুরু হয় কত শতক হতে?

- ক) প্রথম                          খ) তৃতীয়  
গ) চতুর্থ                          ঘ) সপ্তম

৮. যে নদীর মধ্যবর্তী অঞ্চলে বরেন্দ্র জনপদের অবস্থান-

- i. গঙ্গা  
ii. পদ্মা  
iii. করতোয়া

নিচের কোনটি সঠিক?

- ক) i ও ii                          খ) i ও iii  
গ) ii ও iii                        ঘ) i, ii ও iii

৯. শশাঙ্ক কোন ধর্মের উপাসক ছিলেন?

- ক) শৈব ধর্ম                        খ) জৈন ধর্ম  
গ) বৌদ্ধ ধর্ম                      ঘ) সনাতন ধর্ম

১০. ধর্মপাল কত বছর রাজত্ব করেন?

- ক) ২০ বছর                      খ) ৩০ বছর  
গ) ৪০ বছর                      ঘ) ৫০ বছর

১১. বল্লাল সেনের পুত্রের নাম কী?

- ক) সামান্ত সেন                    খ) মহী সেন  
গ) লক্ষণ সেন                    ঘ) বিজয় সেন

১২. ফা ছিয়েন কোন দেশের নাগরিক?

- ক) চীন                              খ) ভারত  
গ) বাংলাদেশ                    ঘ) আমেরিকা

১৩. প্রাচীন বাংলায় ধনী লোকেরা যাতায়াতের জন্য ব্যবহার করতো-

- i. হাতি  
ii. ঘোড়া  
iii. ঘোড়ার গাড়ি

নিচের কোনটি সঠিক?

- ক) i ও ii                          খ) i ও iii  
গ) ii ও iii                        ঘ) i, ii ও iii

১৪. বুলগাকপুর শব্দের অর্থ কী?

- ক) সুন্দর নগরী                    খ) শান্তির নগরী  
গ) বিদ্রোহের নগরী                ঘ) বাংলার নগরী

১৫. পারস্যের প্রখ্যাত কবি হাফিজের সাথে পত্রালাপ হতো কোন সুলতানের?

- ক) শামসুদ্দীন ইলিয়াস শাহ  
খ) গিয়াসউদ্দিন আজম শাহ  
গ) সিকান্দার শাহ  
ঘ) ফখরুদ্দিন মুবারক শাহ

১৬. কারা শিক্ষা ও সংস্কৃতি চর্চায় কৃতিত্ব দেখান?

- ক) মহিলারা                      খ) পুরুষরা  
গ) বিজ্ঞানীরা                      ঘ) সাহিত্যিকরা

১৭. ইউসুফ-জুলেখা গ্রন্থের রচয়িতা কে?

- ক) ফররুখ আহমেদ                খ) আল মাহমুদ  
গ) আল বিরুনী                    ঘ) শাহ মুহম্মদ সগীর

১৮. কত খ্রিস্টাব্দে একলাখী মসজিদ নির্মিত হয়?

- ক) ১৪১৮-১৪২১    খ) ১৪১৮-১৪২২  
গ) ১৪১৮-১৪২৩    ঘ) ১৪১৮-১৪২৪

১৯. ওলন্দাজরা উপমহাদেশে কখন আসে?

- ক) ১৬০১ খ্রিস্টাব্দে    খ) ১৬০২ খ্রিস্টাব্দে  
গ) ১৬০০ খ্রিস্টাব্দে    ঘ) ১৬০৪ খ্রিস্টাব্দে

২০. কোন পর্তুগিজ নাবিক প্রথম সমুদ্র পথে ভারতীয় উপমহাদেশে আসেন?

- ক) ভাস্কা-ডা-গামা    খ) ক্যাপ্টেন হকিন্স  
গ) আল বুকাক    ঘ) জব চার্নক

২১. বেগম রোকেয়া কখন মৃত্যুবরণ করেন?

- ক) ১৯৩০ খ্রিস্টাব্দে    খ) ১৯৩১ খ্রিস্টাব্দে  
গ) ১৯৩২ খ্রিস্টাব্দে    ঘ) ১৯৩৪ খ্রিস্টাব্দে

২২. বিধবা বিবাহ আইন চালু হয় কত সালে?

- ক) ১৮৫০ সালে    খ) ১৮৫৬ সালে  
গ) ১৮৬০ সালে    ঘ) ১৯০৫ সালে

২৩. সেভার্স চুক্তি হয় কখন?

- ক) ১৯২০ সালে    খ) ১৯২২ সালে  
গ) ১৯৩০ সালে    ঘ) ১৯১০ সালে

২৪. ১৯৪৩ সালে সৃষ্ট কৃত্রিম দুর্ভিক্ষ-

- i. মানুষকে দিশেহারা করে তোলে  
ii. অর্থনৈতিক অবস্থা বিপর্যস্ত হয়ে পড়ে  
iii. ব্রিটিশ বিরোধী মনোভাব তীব্র হতে থাকে

নিচের কোনটি সঠিক?

- ক) i ও ii    খ) i ও iii  
গ) ii ও iii    ঘ) i, ii ও iii

২৫. মাস্টারদা সূর্যসেনের নেতৃত্বে গঠিত বিপ্লবী সংগঠনের কর্মকাণ্ডের মধ্যে ছিল-

- i. চট্টগ্রাম বিপ্লবী বাহিনী গঠন  
ii. স্বাধীন চিটাগাং সরকারের ঘোষণা  
iii. চিটাগাং রিপাবলিকান আর্মি গঠন

নিচের কোনটি সঠিক?

- ক) i ও ii    খ) i ও iii  
গ) ii ও iii    ঘ) i, ii ও iii

নিচের অনুচ্ছেদটি পড় এবং ২৬ ও ২৭ নং

প্রশ্নের উত্তর দাও :

কনিকা বড়ুয়া ও রহিমা খাতুন একই সঙ্গে প্রাথমিক বিদ্যালয় থেকে পঞ্চম শ্রেণি পাস করে। কনিকা বড়ুয়া মাধ্যমিক স্কুলে ভর্তি হয়। কিন্তু রহিমা খাতুনের বাবা মেয়েদের মাধ্যমিক স্কুলে পড়াকে চরম অমর্যাদা মনে করেন। তাই রহিমা লেখাপড়া বন্ধ করে দিয়ে বিয়ে দেন। রহিমা বিয়ের পর সাত সন্তানের মা হয়ে শারীরিক, মানসিক ও আর্থিকভাবে ভেঙে পড়ে।

২৬. উদ্দীকের রহিমার কর্মকাণ্ডে কোন সময়ের প্রতিচ্ছবি লক্ষ্য করা যায়?

- ক) প্রাচীন যুগের  
খ) মধ্য যুগের  
গ) আধুনিক যুগের  
ঘ) প্রাগ-ঐতিহাসিক যুগের

২৭. হাবিবের বাবার মনোভাব সমাজকে করতে পারে—

- i. ধর্মীয় কুসংস্কার  
ii. সামাজিক রীতি    iii. শিক্ষার অভাব  
নিচের কোনটি সঠিক?

- ক) i ও ii    খ) i ও iii  
গ) ii ও iii    ঘ) i, ii ও iii

২৮. ১৯৭০ সালের নির্বাচনে বাঙালি কিসের বিজয় ঘটে?

- ক) স্বাভাবিকবাদের    খ) জাতীয়তাবাদের  
গ) অর্থনৈতিক মুক্তির    ঘ) স্বায়ত্তশাসনের

২৯. বঙ্গবন্ধু দেশে ফিরেন কবে?

- ক) ১০ জানুয়ারি ১৯৭২  
খ) ১১ জানুয়ারি ১৯৭২  
গ) ১০ জানুয়ারি ১৯৭১  
ঘ) ২০ জানুয়ারি ১৯৭২

৩০. জিয়াউর রহমানের হত্যাকাণ্ডের পর রাষ্ট্রপতির দায়িত্ব গ্রহণ করেন কে?

- ক) মোশতাক আহমেদ  
খ) আব্দুস সাত্তার  
গ) জেনারেল এরশাদ  
ঘ) সাহাবুদ্দিন